# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** রিতার পরিবারে বাবা-মা ও তিন ভাই বোন। পরিবারের অনেক গুরুত্বপূর্ণ কাজ তারা পরামর্শ করে সম্পাদন করে। পরিবারের বড়রা ছোটদের প্রয়োজন পূরণ করে। ছোটরা বড়দের অনুগত থাকে।

ক. বংশগণনা ও কর্তৃত্বের ভিত্তিতে পরিবার কত প্রকার। ১

খ. পৌরনীতি ও নাগরিকতার আন্তর্জাতিক রূপ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রিতার পরিবারে কোন ধরনের কাজ প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিবারে এ ছাড়া আরো অনেক কাজ রয়েছে— কথাটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** মি: রাতুল 'ক' রাষ্ট্রের প্রধানমন্ত্রী তার কার্যক্রমের জন্য তিনিও তার মন্ত্রিসভা দেশের জাতীয় সংসদের কাছে দায়ী। তাদের দেশের রাষ্ট্রপাতি প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভার পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করে। তার দেশের আইন অনুযায়ী সংসদ অনাস্থা জ্ঞাপন করলে তাদের পদত্যাগ করতে হয়।

ক. কিউবা কোন ধরনের রাষ্ট্র? ১

খ. যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থা জটিল পদ্ধতি কেন? ২

গ. মি: রাতুলের দেশে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান—ব্যাখ্যা কর। ৩

ঘ. অনুচ্ছেদে উল্লিখিত সরকার ব্যবস্থাই উত্তম সরকার ব্যবস্থা— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৩.▶** রহিমা ইটের ভাটায় কর্মরত একজন নারী শ্রমিক। মাস শেষে মালিক পুরুষ শ্রমিক অপেক্ষা তাকে কম মজুরি দিলে সে অসন্তুষ্ট হয়।

ক. আইনের মূল কথা কোনটি? ১

খ. প্রথা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের রহিমা কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হয়েছে বলে মনে কর? ব্যাখ্যা করো। ৩

ঘ. রহিমার অধিকার প্রতিষ্ঠায় তোমার সুপারিশগুলো প্রদান কর। ৪

**৪.▶** 'ক' দেশের সংবিধান পড়াতে গিয়ে শিক্ষিকা জাহানারা বেগম বলেন, দেশের সংবিধান তৈরি হয়েছে ১৯৭২ সালে। দেশের সংবিধান কিছুটা লিখিত এবং কিছুটা দুষ্পরিবর্তনীয়। সংবিধানটিতে পনেরটি সংশোধনী ইতিমধ্যে গৃহীত হয়েছে। তবে এর কিছু সমস্যা বিদ্যমান।


http://teachingbd.com

ক. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয় কবে? ১
খ. অলিখিত সংবিধানের বৈশিষ্ট্য তুলে ধর। ২
গ. উদ্দীপকে 'ক' দেশের সংবিধানের বৈশিষ্ট্য উল্লেখ কর। ৩
ঘ. 'ক' দেশের সংবিধানের কী ধরনের সমস্যা বিদ্যমান বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৫.▶ →১৯৫২→১৯৫৪→? →১৯৬৯→১৯৭১
ক. কত সালে সংবিধানে বাংলা ভাষা রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃত পায়? ১
খ. ২১ দফা কর্মসূচির উল্লেখযোগ্য দিকগুলো ব্যাখ্যা কর। ২
গ. ছকে '?' চিহ্নিত স্থানে সংঘটিত কর্মসূচি ছিল বাঙালী জাতির মুক্তির সনদ— ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত সালগুলোর ঘটনাপ্রবাহের হাত ধরেই বাংলাদেশ স্বাধীন হয়— ব্যাখ্যা কর। ৪

৬.▶ আমিনুলের পরিবারের লোকসংখ্যা বেশি। সে ভূমিহীন কৃষক। তার সামান্য আয় দিয়ে পরিবারের সদস্যদের খাবার যোগাড় করতে পারে না। তারা দৈনিক গড়ে ৮০০ কিলোক্যালরি খাদ্য জনপ্রতি গ্রহণ করতে পারে না।
ক. বাংলাদেশের প্রতি বর্গকিলোমিটারে কত জন লোক বাস করে? ১
খ. জনসংখ্যা সমস্যা কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে আমিনুলের পরিবারের খাদ্য পরিস্থিতি ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে আমিনুলের মতো পরিবারগুলোর খাদ্যের এরূপ অবস্থার কারণ বিশ্লেষণ কর। ৪

৭.▶




ক. সার্ক কবে প্রতিষ্ঠিত হয়? ১
খ. ওআইসি— এর দুটি লক্ষ্য ও উদ্দেশ্য লেখ। ২
গ. উদ্দীপকের কোনটি দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংস্থা? এর লক্ষ্য ও উদ্দেশ্য লেখ। ৩
ঘ. উদ্দীপকের কোন সংস্থাটি বিশ্বশান্তি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ৪

৮.▶ জনাব শাহ আলম বাংলাদেশ পুলিশ বাহিনীতে চাকরি করেন। চাকরিতে গিয়ে তিনি উপলব্ধি করেন যে, নানাবিধ কারণে বাংলাদেশে পুলিশ অপরাধ দমন করতে পারে না। অনেক ক্ষেত্রে সন্ত্রাসী পুলিশের চেয়ে শক্তিশালী হয়ে উঠেছে।
ক. বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কত সালে সম্পূর্ণ স্বাক্ষরতা আন্দোলন শুরু করে? ১

http://teachingbd.com

খ. রাষ্ট্রীয় সন্ত্রাস বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব শাহ আলমের উপলব্ধি বাংলাদেশে সন্ত্রাস বৃদ্ধির কারণে কোন দিকটি ফুটে উঠেছে? নিরূপণ কর। ৩

ঘ. সন্ত্রাস প্রতিরোধে জনাব শাহ আলমের বাহিনীর ভূমিকা কীভাবে জোরদার করা দরকার? ব্যাখ্যা কর। ৪

৯.▶ জনাব ইমতিয়াজ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস করে কানাডা চলে যান। তিনি কানাডার ভাষা শিখে সরকারি চাকরিতে যোগদান করে সততার পরিচয় দেন। আবেদনের প্রেক্ষিতে কানাডার সরকার তাকে নাগরিকত্ব প্রদান করে। বাংলাদেশ থেকে আকাশ পথে কানাডায় বিমানে যাওয়ার সময় কানাডার আকাশসীমার মধ্যে তার স্ত্রী একটি পুত্র সন্তানের জন্ম দেয়।

ক. নাগরিক ও নাগরিকতা ধারনাটির উদ্ভব হয় কোথায়? ১

খ. দ্বৈত নাগরিকত্ব বলতে কী বোঝ? ২

গ. তার সন্তান কোন দেশের নাগরিক হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব ইসতিয়াক কি শুধু কানাডারই নাগরিক? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১০.▶ জনাব 'ক' একজন প্রধান প্রশাসনিক কর্মকর্তা হিসেবে খুলনা বিভাগের একটি জেলায় খেলার মাঠে এবং শিল্পকলা একাডেমির দুটি নতুন ভবন নির্মাণে সহায়তা প্রদান করেন। অন্যদিকে জনাব 'খ' স্থানীয় উপজেলা প্রশাসনের প্রধান কর্মকর্তা হিসেবে ঐ জেলার আদর্শ কৃষকের সাথে বীজ আর কীটনাশক ওষধ বিতরণের ব্যবস্থা করেন এবং জমির রাজস্ব সঠিকভাবে আদায় করেন। জনাব 'খ' তার সকল কাজের জন্য জনাব 'ক' এর কাজে জবাবদিহি করেন।

ক. বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে? ১

খ. প্রশাসনকে রাষ্ট্রের হৃদপিন্ড বলা হয় — বুঝিয়ে লেখ। ২

গ. জনাব 'ক' কোন প্রশাসনের প্রধান কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব 'খ' উদ্দীপকের কাজ ছাড়াও আরো অনেক গুরুত্বপূর্ণ কাজ করেন— ব্যাখ্যা কর। ৪

১১.▶ আইন কি স্বাধীনতা রক্ষা করে? রাকিবের এমন প্রশ্নের জবাবে শ্রেণি শিক্ষক বলেন, স্বাধীনতা রক্ষার জন্য আইন তৈরি হয়েছে এবং স্বাধীনতাই আইন তৈরিতে সহায়তা করে। তাই আইন ও স্বাধীনতা একে অপরের ভিত্তি রচনা করে।

ক. যুক্তরাজ্যে র আইন কীসের উপর ভিত্তি করে সৃষ্টি? ১

খ. কী কারণে অর্থনৈতিক স্বাধীনতা প্রয়োজন? ২

গ. উদ্দীপকের শিক্ষকের জবাবে আইন ও স্বাধীনতার মধ্যে যে সম্পর্ক প্রকাশ পেয়েছে তা তুলে ধর। ৩

ঘ. আইন ও স্বাধীনতা একে অপরের ভিত্তি রচনা করে— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **প্রথম বিশ্বযুদ্ধ সংঘটিত হওয়ার সময়কাল কোনটি?**
ক) ১৯১৩-১৯১৫ খ) ১৯১৪-১৯১৮
গ) ১৯১৫-১৯১৮ ঘ) ১৯১৬-১৯২১

২. **কত তারিখে সার্কের জন্ম হয়?**
ক) ১৫ই আগস্ট ১৯৮০ খ) ২৩ মার্চ ১৯৮২
গ) ৮ ডিসেম্বর ১৯৮৫ ঘ) ১৫ ডিসেম্বর ১৯৮৫

৩. **ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ শাসন আমলে সংখ্যাগরিষ্ট ছিল কারা?**
ক) মুসলমানরা খ) খ্রিস্টানরা
গ) হিন্দুরা ঘ) বার্মিজরা

৪. **ভাষা আন্দোলনের চূড়ান্ত পর্ব কখন শুরু হয়?**
ক) ১৯৫২ সালের ২০ জানুয়ারি
খ) ১৯৫২ সালের ২৫ জানুয়ারি
গ) ১৯৫২ সালের ২৫ জানুয়ারি
ঘ) ১৯৫২ সালের ২৬ জানুয়ারি

৫. **ধলেশ্বরী নদীটি কোন জেলা দিয়ে বয়ে গেছে?**
ক) মুন্সিগঞ্জ খ) গোপালগঞ্জ
গ) সিরাজগঞ্জ ঘ) হবিগঞ্জ

৬. **প্রশাসনিক দুর্বলতা কিসের কারণ?**
ক) দুর্নীতির খ) সন্ত্রাসের
গ) মাদকাসক্তির ঘ) বাল্যবিবাহের

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**

বিলকিছ বেগম অক্ষরজ্ঞানহীন। শ্বশুরবাড়িতে তিনি অবহেলিত ও নির্যাতিত। অক্ষরজ্ঞানহীন হওয়ায় তিনি তার অধিকার সম্পর্কে অবগত নন।

৭. **উদ্দীপকে যে বিষয়টি উল্লেখ করা হয়েছে—**
ক) নারীর অমর্যাদা খ) পুরুষের দৃষ্টিভঙ্গি
গ) সমাজের দৃষ্টিভঙ্গি ঘ) কোনটি নয়

৮. **কত সালে প্রথম জনসংখ্যানীতি গ্রহণ করা হয়?**
ক) ১৯৭০ সালে খ) ১৯৭২ সালে
গ) ১৯৭৪ সালে ঘ) ১৯৭৬ সালে

৯. **সিটি কর্পোরেশনের মেয়রের মর্যাদা কার সমান?**
ক) মন্ত্রী খ) প্রতিমন্ত্রী
গ) এমপি ঘ) প্রধান নির্বাচন কমিশনার

১০. **পার্বত্য পরিষদের প্রধান কে?**
ক) নির্বাচিত চেয়ারম্যান
খ) নির্বাচিত মেয়র
গ) নির্বাচিত মন্ত্রী
ঘ) নির্বাচিত সংসদ

১১. **জেলা পরিষদ আয় হিসাবে পায়—**
i. ভূমি করের ৫ শতাংশ
ii. জমি হস্তান্তর করের ১ শতাংশ
iii. ভূমি করের ১ শতাংশ

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. **কতটি গ্রাম নিয়ে ইউনিয়ন পরিষদ গঠিত?**
ক) গড়ে ১০-১৫ খ) গড়ে ১৫-২০
গ) গড়ে ২০-২৫ ঘ) গড়ে ৮-১০

১৩. **জাতিসংঘের সাধারণ পরিষদের কাজ কোনটি?**
ক) বিশ্ব শান্তি ও নিরাপত্তা রক্ষা
খ) বেকার সমস্যার সমাধান
গ) বিভিন্ন সংস্থার সদস্য নির্বাচন
ঘ) চিকিৎসা ও পুনর্বাসন

১৪. **আন্তর্জাতিক আদালতের বিচারকের কাজের মেয়াদ কত বছর?**
ক) ৫ খ) ৬
গ) ৮ ঘ) ৯

১৫. **জাতিসংঘ সচিবালয়ের প্রধান কে?**
ক) সচিব খ) মহাসচিব
গ) যুগ্মসচিব ঘ) অতিরিক্ত সচিব

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:**

১৯৭১ সালে সাইফুল ঢাকা কলেজের একাদশ শ্রেণির ছাত্র ছিল। ২৫ মার্চ রাতে ঢাকা থেকে গ্রামের বাড়িতে চলে আসে। গ্রামের কৃষক ঝন্টু মিয়াকে নিয়ে যুদ্ধের প্রশিক্ষণ লাভ করে। তাদের রণকৌশলে পাকবাহিনী কোনঠাসা হয়ে পড়ে।

১৬. **সাইফুল মুক্তিযুদ্ধে কোন বাহিনীতে যোগ দিয়েছিল?**
ক) সেনাবাহিনীতে খ) নৌ-বাহিনীতে
গ) বিমান বাহিনীতে ঘ) অনিয়মিত বাহিনীকে

Teachingbd.com

১৭. উক্ত বাহিনীর আক্রমনে পাকিস্তানী হানাদার বাহিনী ক্রমশ—
i. হীনবল হয়ে পড়ে
ii. শক্তিশালী হয়ে পড়ে
iii. হতাশ হয়ে পড়ে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii


১৮. কত তারিখে পূর্ব বাংলার সর্বত্র স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়?
ক) ২০ মার্চ খ) ২২ মার্চ
গ) ২৩ মার্চ ঘ) ২৫ মার্চ

১৯. ছাত্র সংগ্রাম পরিষদ দেশব্যাপী ছাত্র আন্দোলন শুরু করে—
i. আগরতলা মামলা প্রত্যাহারের দাবিতে
ii. বঙ্গবন্ধুর মুক্তির দাবিতে
iii. বঙ্গবন্ধুসহ সকল রাজবন্দির মুক্তির দাবিতে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির সদস্য সংখ্যা কত ছিল?
ক) ৩৩ খ) ৩০
গ) ৩৪ ঘ) ৩৭

২১. পৌরনীতির বিষয়বস্তু অনুধাবনের জন্য কার উক্তি প্রণিধানযোগ্য?
ক) লর্ড ব্রাইস খ) ইএম হোয়াইট
গ) গার্নার ঘ) প্লাউড

২২. পৃথিবীতে মোট রাষ্ট্রের সংখ্যা কত?
ক) ২০২টি খ) ২০৪টি
গ) ২০৬টি ঘ) ২০৮টি

২৩.



উপরের ফাঁকা স্থানে বসবে—
ক) ঐশী মতবাদ
খ) বল প্রয়োগ মতবাদ
গ) সামাজিক চুক্তি মতবাদ
ঘ) ঐতিহাসিক মতবাদ

২৪. প্রকৃতির রাজ্যের মানুষের প্রকৃতি ছিল—
i. স্বার্থপর
ii. পরোপকারী
iii. আত্মকেন্দ্রিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. একজন ব্যক্তিকে অনুমোদন সূত্রে নাগরিকতা অর্জনের ক্ষেত্রে কয়টি শর্ত পালন করতে হয়?
ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৭টি

২৬. তথ্য অধিকার আইনটি কখন রাষ্ট্রপতির সম্মতি লাভ করে?
ক) ৬ এপ্রিল ২০০৯ খ) ৩ এপ্রিল ২০০৯
গ) ৫ এপ্রিল ২০০৯ ঘ) ৪ এপ্রিল ২০০৯

২৭. একজন ব্যক্তি বৃহত্তর স্বার্থে নিজের ক্ষুদ্র স্বার্থ ত্যাগ করতে পারে কোন গুণের মাধ্যমে?
ক) বুদ্ধি খ) চেতনা
গ) বিবেক ঘ) আত্মসংযম

২৮. কোনটি ছাড়া ব্যক্তিত্বের বিকাশ ঘটানো অসম্ভব?
ক) শিক্ষা খ) অধিকার
গ) সম্পদ ঘ) বিবেক

২৯. 'ব্লাকস্টোন' কোন গ্রন্থের রচয়িতা?
ক) দ্যা রিপাবলিক
খ) দ্যা পলিটিকস
গ) ল অব দি কনস্টিটিউশন
ঘ) কমেনটরিজ অন দ্য লজ অব ইংল্যান্ড

৩০. কোনটি সরকার ও বিরোধী দলের কাজের ব্যারোমিটার?
ক) আইন খ) জনমত
গ) নির্বাচন ঘ) রাজনৈতিক দল

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | খ |

Teachingbd.com